

ভাঙড়ে আজ বোর্ড গঠন

অশান্তি রুখতে ১৪৪

ধারা জারি প্রশাসনের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা ও দক্ষিণ ২৪ পরগনা: আজ, বুধবার ভাঙড়ে পঞ্চায়েতের বোর্ড গঠন প্রক্রিয়া শুরু হবে। তাকে কেন্দ্র করে কোনওরকম অশান্তি যাতে না হয়, তার জন্য ফের ১৪৪ ধারা জারি করল প্রশাসন। আগামী ১৩ তারিখ পর্যন্ত এটি জারি থাকবে বলে জানা গিয়েছে। মনোনয়ন এবং নির্বাচন পরবর্তী সময়ে সেখানে যে অশান্ত পরিবেশ তৈরি হয়েছিল, সে কথা মাথায় রেখেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে এই ১৪৪ ধারা শুধু কাশীপুর থানা অঞ্চলে লাগু করা হচ্ছে। ভাঙড় ২ নম্বর ব্লকের বেশিরভাগ পঞ্চায়েত এই থানার অধীনে পড়ে। সেখানে যাতে কোনও গোলমাল না হয়, তার জন্য সতর্কতামূলক পদক্ষেপ নিয়েছে প্রশাসন।

তবে পঞ্চায়েতে বোর্ড গঠনের আগেই আইএসএফের হাতে বেধড়ক মার খেলেন ভাঙড় ২ নম্বর ব্লকের ভোগালি ১ অঞ্চলের তৃণমূল নেতা ইজাজ খান। মারের চোটে ওই নেতার মাথা ফেটেছে বলে অভিযোগ। শুধু মারধর নয়, একই সঙ্গে চলে ব্যাপক বোমাবাজিও। দাবি করেছেন স্থানীয়রা। খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি আয়ত্তে আনে কাশীপুর থানার বিশাল পুলিশ বাহিনী। যদিও অভিযোগ অস্বীকার করেছে আইএসএফ।

অন্যদিকে, কলকাতা হাইকোর্টে রাজ্য জানিয়েছে, ভাঙড় ২ নম্বর ব্লকে পঞ্চায়েতে বোর্ড গঠনের জন্য জয়ী প্রার্থীর বদলে পরাজিতকে আমন্ত্রণ জানিয়ে ভুল হয়েছিল। জয়ী হওয়া সত্ত্বেও তাঁর পরিবর্তে বোর্ড গঠনের জন্য পরাজিত তৃণমূল কংগ্রেস প্রার্থীকে ডেকেছেন বিডিও। এই অভিযোগে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন ভোগালি ১ গ্রাম পঞ্চায়েতের আইএসএফের প্রার্থী বসিরুদ্দিন সর্দার। মঙ্গলবার বিচারপতি অমৃতা সিনহার এজলাসে মামলার শুনানিতে রাজ্যের তরফে জানানো হয়, ভুল করেই এমনটা হয়েছে। নজরে আসার পর বিষয়টি শুধরে নেওয়া হয়েছে। বসিরুদ্দিনের আইনজীবীর দাবি, তাঁর মক্কেল ৫৯৫টি ভোট পেয়েছিলেন। তৃণমূল প্রার্থী পেয়েছিলেন ৩৮৭টি ভোট। বসিরুদ্দিনকে জয়ী হিসাবে ঘোষণা করেছিল রাজ্য নির্বাচন কমিশনও। রয়েছে শংসাপত্র। রাজ্যের দাবি, ভুল নজরে আসার পর তা শুধরে নিয়ে বোর্ড গঠনের জন্য বসিরুদ্দিনকে আমন্ত্রণ পত্র পাঠানো হয়। কিন্তু তিনি তা নিতে অস্বীকার করে আদালতের দ্বারস্থ হয়েছেন। রাজ্যের তরফে ভুল স্বীকার করে নেওয়ার পর অবশ্য মামলাটি খারিজ করে দিয়েছেন বিচারপতি সিনহা।